

রায়পুরে প্রধান শিক্ষিকার বিরুদ্ধে উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ

প্রতিনিধি, রায়পুর (শব্দীপুর)

শব্দীপুরের রায়পুর উপজেলায় কৈরোয়া ইউনিয়নের কোকোয়া মেনেফ্রিয়াল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে প্রধান শিক্ষকের বিরুদ্ধে শিক্ষার্থীর উপবৃত্তির টাকা উত্তোলন করে আত্মসাত করার অভিযোগ পাওয়া গেছে। জানা গেছে, এই বিদ্যালয়ের জরপ্রাপ্ত প্রধান শিক্ষক সিনা সরকার, বাফর হাল করে ৩০ টাকা উত্তোলন করেছেন। এ ব্যাপারে শিক্ষার্থীদের অভিভাবকরা শব্দীপুর থানা প্রশাসক, রায়পুর উপজেলা নির্বাহী কর্মকর্তা, সাংবাদিকসহ সংশ্লিষ্ট দফতরে লিখিত অভিযোগ দিয়েছেন। শিক্ষার্থীদের লিখিত অভিযোগে জানা যায়, ২০১২ সালের চতুর্থ ক্রটির (অক্টোবর-ডিসেম্বর) টাকা উত্তোলন করে নেন প্রধান শিক্ষিকা সিনা সরকার। এ বিষয়ে জিজ্ঞাসা করতে গেলে তিনি এই শিক্ষার্থীদের গানমঞ্চ করে কেদাখাত করেন। উপবৃত্তি খেতে বঞ্চিতরা হলো বিদ্যালয়ের ৫২ শ্রেণীর দুইহিন হোসেন, জাহিনা জাহাঙ্গীর, সলমা জাহাঙ্গীর, ৪প শ্রেণীর লাজিম হোসেন ও পারভেজ হোসেন। এ ব্যাপারে প্রধান শিক্ষিকা সিনা সরকার বলেন, আমার বিরুদ্ধে আনীত অভিযোগ মিথ্যা। এশাকার একটি কুচক্রী মহল ওই শিক্ষার্থী) ও তাদের অভিভাবকদের দিয়ে মিথ্যা অভিযোগে হুমরানি করছেন। রায়পুর উপজেলা শিক্ষা কর্মকর্তা আবুল হানাম আজাদ বলেন, প্রধান শিক্ষিকার বিরুদ্ধে উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগটি আমার কাছে এসেছে। তা তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হচ্ছে।